পাঠ ২০ 日本の歌を歌ったことがありますか
নিহোন নো উতা ও উতাত্তা কোতো গা আরিমাস্ কা?

ロドリゴ রড্রিগো	アンナさんは日本の歌を歌ったことがありますか。 আন্না-সান ওয়া নিহোন নো উতা ও উতাত্তা কোতো গা আরিমাস্ কা?	আন্না-সান, আপনি কখনো জাপানের কোন গান গেয়েছেন?
アンナ আন্না	はい、あります。 হাই, আরিমাস্।	হ্যাঁ, গেয়েছি।
さくら সাকুরা	どんな曲が得意？ দোন্না কিয়োকু গা তোকুই?	কোন্ ধরণের গান আপনি ভাল গাইতে পারেন?
アンナ আন্না	アニメの曲です。 আনিমে নো কিয়োকু দেস্।	অ্যানিমে কার্টুনের গান।

ব্যাকরণের টিপস্

① আরিমাস্

- সপ্তম পাঠে শেখা আরিমাস্ শব্দটির অর্থ ছিল “কোনকিছু রয়েছে”। নবম পাঠে অর্থটি ছিল, “কোন ঘটনা অনুষ্ঠিত হবার কথা রয়েছে”।
  চলতি পাঠে আরিমাস্ শব্দটির অর্থ হচ্ছে “কোন কিছুর অভিজ্ঞতা থাকা”।

②ক্রিয়াপদের তা-রূপ + কোতো গা আরিমাস্ (_ এর অভিজ্ঞতা থাকা)

- ক্রিয়াপদের তা-রূপের সঙ্গে কোতো গা আরিমাস্ কথাগুলো জুড়ে দিয়ে পূর্বের অভিজ্ঞতা প্রকাশ করা যায়।

যেমন) ওয়াতাশি ওয়া শিন্জুকু নি ইত্তা কোতো গা আরিমাস্। (আমার শিন্জুকু যাওয়ার অভিজ্ঞতা আছে।)
↳ ইকিমাস্ (যাওয়া) ক্রিয়ার তা-রূপ

ধ্বন্যাত্মক শব্দ

এটি হল রেলগাড়ি চলার শব্দ।

এটি হচ্ছে রেল ক্রসিং-এ সতর্কীকরণ ঘণ্টার শব্দ।